দৈনিক ইত্তেফাক

20/9/2001

তারিখ ........................

পৃষ্ঠা ৩ কলাম ৪ ......

# বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের জুলাই-আগস্ট মাসের বেতনের চেক হস্তান্তর

প্রেস বিজ্ঞপ্তি ঃ বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ ও মাদ্রাসা) এবং কারিগরি বেসরকারী এসএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষক/কর্মচারীদের জুলাই-আগস্ট/২০০১ মাসের বেতন-ভাতার সরকারী অংশ বাবদ ২৪৭,২১,৩৮,৬০০.৭৪ (দুইশত সাতচল্লিশ কোটি একুশ লক্ষ আটত্রিশ হাজার ছয়শত টাকা চুয়াত্তর পয়সা) টাকার ৪০ (চল্লিশ)টি চেক ১৯-৯-২০০১ ইং তারিখের ৭৩৬২/৪(১৫) বিশেষ ও ৭৩৮২/৪(১৫) বিশেষ স্মারকে অনুদান বন্টনকারী জনতা/অগ্রণী/রূপালী/সোনালী ব্যাংক কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়েছে। আগামী ২৭-৯-২০০১ তারিখের মধ্যে সংশ্লিষ্ট শাখা ব্যাংক থেকে শিক্ষক-কর্মচারীদের ব্যক্তিগত ব্যাংক একাউন্ট নম্বরের মাধ্যমে উত্তোলন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হয়েছে।